




“সতর্কীকরণ বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২৩ এর কার্যক্রম চলমান রয়েছে। নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম মেধা ও স্বচ্ছতার ভিত্তিতে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক সম্পন্ন করা হবে। এমতাবস্থায়, দালাল বা প্রতারণা চক্রের প্রলোভনে প্রলুদ্ধ হয়ে কোন প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অর্থ লেনদেন বা অন্য কোন অনৈতিক উপায়ে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ পাবার কোন সুযোগ নেই। কেউ অর্থের বিনিময়ে চাকরি দেয়ার প্রলোভন দেখালে তাকে নিকটস্থ থানায় সোপর্দ করা বা স্থানীয় প্রশাসনকে অবগত করার জন্য অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে



(ড. কিসিঞ্জার চাকমা)

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট

চুয়াডাঙ্গা